


অস্ট্রেলিয়ান রেড ক্রস ফ্যামিলি অ্যান্ড ডমেস্টিক ভায়োলেন্স ফিন্যানশিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Family and Domestic Violence Financial Assistance Program)



the
power of
humanity



অস্ট্রেলিয়ান রেড ক্রস ফ্যামিলি অ্যান্ড ডমেস্টিক ভায়োলেন্স ফিন্যানশিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Australian Red Cross' Family and Domestic Violence Financial Assistance Program -FDV)-টি সহায়তাকারী এবং পরিষেবা সরবরাহকারীর রেফারেল চাইছেন এমন ব্যক্তিদের জন্য এখন উন্মুক্ত।

অস্থায়ী ভিসায়, বা অনিশ্চিত ভিসায় থাকা যোগ্য ব্যক্তি যাঁরা পরিবার ও পারিবারিক সহিংসতার অভিজ্ঞতার শিকার ও যাঁদের আর্থিক সহায়তা প্রয়োজন তাঁদের সবার জন্য উপলব্ধ।

এই প্রোগ্রামটি কি আমাকে সহায়তা করতে সক্ষম?

এই প্রোগ্রামটি সেসব ব্যক্তিদের সহায়তা দিতে পারে যাঁরাঃ

- অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা **নন**, এবং
- পরিবার এবং পারিবারিক সহিংসতার মাঝে পড়েছেন বা ঝুঁকিতে আছেন, এবং
- আর্থিক কষ্ট ভোগ করছেন।

কী ধরনের সহায়তা আমি পেতে পারি?

যেসব সহায়তা প্রয়োজন সেগুলোর মধ্যেঃ

- আর্থিক সহায়তা
- অন্যান্য প্রতিষ্ঠানে রেফারেল দেয়া
- কেসওয়ার্ক সহায়তা (৩ মাস সময় পর্যন্ত)

অর্থ প্রদানের ব্যাপারে আমাদের সাহায্য করার জন্য, আপনাকে সরবরাহ করতে বলা হবে:

- **ভিসার স্ট্যাটাস** যেমন আপনার পাসপোর্ট নম্বর বা ImmiCard নম্বর। আপনি যদি অনিশ্চিত থাকেন বা বর্তমানে ভিসা না থাকে তবুও আপনি আবেদন করতে সক্ষম হবেন এবং রেড ক্রস (Red Cross) আপনাকে আপনার পরিস্থিতি নিয়ে আলোচনা করতে জানাবো।
- **ব্যাংক ডকুমেন্ট** যেমন ব্যাংক স্টেটমেন্ট। নিরাপদে অ্যাক্সেসের জন্য আপনার নামে কোনও ব্যাংক অ্যাকাউন্ট না থাকলেও আপনি তবু এখনো আবেদন করতে পারবেন।

আমার ব্যক্তিগত তথ্যগুলো কি নিরাপদ থাকবে?

- রেড ক্রস (Red Cross) আপনার ব্যক্তিগত বা ভিসার তথ্য সরকারের সাথে শেয়ার করে না। রেড ক্রস (Red Cross)-এর সাথে আপনার যোগাযোগ গোপনীয়। আপনার আবেদনসহ আপনার সরবরাহকৃত তথ্য আমরা সর্বদা সুরক্ষিত রাখি।
- অনুগ্রহ করে ইমেলের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্যসহ কোনও ডকুমেন্ট প্রেরণ করবেন না।

আবেদন করতে আমার সাহায্য প্রয়োজন

- আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তবে আপনি TIS -এ 131 450 নম্বরে আপনার পছন্দের ভাষার উল্লেখ করে যোগাযোগ করতে পারেন এবং 1800 733 276 নম্বরে সংযোগ দিতে বলতে পারেন।
- আপনার যদি আবেদন করতে সাহায্যের প্রয়োজন হয় এবং সাহায্য করার মতো কেউ না থাকে, তবে রেড ক্রস (Red Cross)-এর সাথে 1800 733 276 নম্বরে যোগাযোগ করুন, বা ইমেইল করুন nat_fdv_pilot@redcross.org.au.

আরো তথ্যের জন্য পরিদর্শন করুন

www.redcross.org.au/familyviolencerelief